

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.brdb.gov.bd](http://www.brdb.gov.bd)



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০৫.২১-১০৪

তারিখঃ ২৬/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্যের অর্জিত অর্থ হতে ১টি নির্ধারিত অংশ পদ ও পদবীর বিভাজন অনুযায়ী কর্মরত-কর্মকর্তা কর্মচারীদের বেতনভাতা প্রদানের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। তদুপরি বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলায় আপনার কর্মকালীন বেতনভাতা খাতে অর্জিত আয়ের তুলনায় অতিরিক্ত ৪২৮০৫২.০০ (চার লক্ষ আটশ হাজার বায়ান্ন) টাকা বেতনভাতা বাবদ কর্মসূচির ঋণ তহবিল হতে পরিশোধ করা হয়েছে, যা সরকারী আর্থিক বিধি বিধান বহির্ভূত। কর্মসূচির আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে বিধি বহির্ভূতভাবে এ অতিরিক্ত ব্যয়ের জন্য আপনি সম্পূর্ণরূপে দায়ী মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে আর্থিক বিধি বিধান বহির্ভূতভাবে বেতনভাতা বাবদ অতিরিক্ত পরিশোধিত ৪২৮০৫২.০০ (চার লক্ষ আটশ হাজার বায়ান্ন) আপনার ব্যক্তিগত দায় হিসেবে কেন আদায় করা হবে না এবং আর্থিক বিধি বহির্ভূত কর্মকালনের জন্য কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিআরডিবি'র প্রশাসনিক শাখাকে অবহিত করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১০/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

জনাব মোঃ আকতার উদ্দীন  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
উপজেলা: বোরহানউদ্দীন, জেলা: ভোলা

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০৫.২১-১০৪


তারিখঃ ২৬/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. যুগ্ম পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ভোলা/বরিশাল।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: বোরহানউদ্দীন/মেহেন্দীগঞ্জ জেলা: ভোলা/বরিশাল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।

  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক